

দুর্গা পূজা

শ্রীদুর্গা, দেবী দুর্গা, মা দুর্গা নাম,
ভক্তের কাতর আর্তি সুখ শান্তি ধাম।
পত্র পুষ্প ধূপ দীপ বাহ্যিক উপাচার,
ক্রমে ক্রমে জাগে ইচ্ছা যথার্থ খোঁজার।

তখন আর থাকে নাকো বাহ্যিক ভাব
ভক্ত একান্তে খোঁজে পরমার্থ লাভ
কত জন্ম এমন খোঁজে বিফল ব'হে যায়
পরমার্থ লক্ষ জনে কজনই বা পায় ?

এক ভাবে ধ্যান-জপ সংসারী কি পারে ?
এ জীবন ব'হে চলে বিপুল কর্মভারে।
তারই ফাঁকে একটু আর্থটু এই যা হয় ডাকা
দৈনন্দিন কর্ম সেরে তবেই বেঁচে থাকা।

জীবন ব্যয়িত হয় কতো শত কাজে-
শ্রীদুর্গার শরণ নেবে সময় পায় না যে।
মায়ের পূজার চারটি দিনে গৃহী ভক্তজন
অন্যকর্ম ফেলে নেয় শ্রীদুর্গার শরণ।

এইটুকু করেই যা ভার লাঘব হয়-
জীবন প্রবাহ ক্ষণিক পরিবর্তন পায়
এই ক'টা দিনের আশায় অপেক্ষায় থাকা
একাদশী থেকে লাগে ফের ফাঁকা ফাঁকা !

সংসারী সংসার ক'রে এইটুকুই পারে
জীবনতরী ব'য়ে চলে কর্মের সাগরে
সময়ই শৈশব ছেড়ে বার্থক্যে এনে ফেলে
সাধারণ মানব জীবন এমনি ভাবেই চলে।